দৈনিক
আমাদের সময়

21 APR 2016
৭ ... আম ... ৭



# দরিদ্র শিক্ষার্থীদের শিক্ষা নিশ্চিত করতে প্রধানমন্ত্রীর নির্দেশ

নিজস্ব প্রতিবেদক ●
দরিদ্র ও মেধাবী ছাত্রছাত্রীদের বৃত্তিমূলক এবং উচ্চশিক্ষার জন্য সরকারের দেওয়া সুযোগ-সুবিধা নিশ্চিত করতে সংশ্লিষ্টদের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, এখন অভিভাবকেরা তাদের সন্তানদের যথাযথভাবে শিক্ষিত করে তোলার ব্যাপারে সচেতন। তবে আর্থিক সীমাবদ্ধতার কারণে তাদের অনেকেই এ সুযোগ গ্রহণ করতে পারেন না। তাদের পড়াশোনার জন্য সরকার সব ধরনের সহযোগিতা অব্যাহত রাখবে। প্রধানমন্ত্রী গতকাল বুধবার তার কার্যালয়ে প্রধানমন্ত্রীর সহযোগিতা ট্রাস্ট ফান্ডের উপদেষ্টা পরিষদের তৃতীয় বৈঠকে এ কথা বলেন।

বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে কথা এরপর পৃষ্ঠা ১১, কলাম ৬

## দরিদ্র শিক্ষার্থীদের শিক্ষা

(প্রথম পৃষ্ঠার পর) বলেন প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম। তিনি বলেন, শিক্ষার্থীদের এই তহবিলের সুবিধা দিতে তহবিলের আকার আরও বাড়ানোর পদক্ষেপ নেওয়ার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রী বলেছেন, দেশকে দারিদ্র্যমুক্ত করার প্রাথমিক হাতিয়ার হিসেবে তার সরকার শিক্ষার প্রতি সর্বোচ্চ গুরুত্ব দিয়েছে। সরকার প্রত্যেক নাগরিকের শিক্ষাসুবিধা নিশ্চিত করতে চায়।

শেখ হাসিনা বলেন, জনগণকে, বিশেষ করে নারীদের কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষায় আগ্রহী করে তুলতে সরকার প্রাথমিক থেকে উচ্চশিক্ষা পর্যায়ে বৃত্তি চালু করেছে। তিনি বলেন, আওয়ামী লীগ ক্ষমতা থেকে চলে যাওয়ার পরে শিক্ষাসহ অন্যান্য খাতের বেশিরভাগ উন্নয়ন প্রকল্প বন্ধ হয়ে যায়। এ জন্য সবাইকে এ ব্যাপারে সজাগ থাকতে হবে।